# উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের আগস্ট ২০২২ মাসের সভার কার্যবিবরণী

উপদেষ্টা ঃ জনাব হাবিবুর রহমান
মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩

সভাপতি ঃ জনাব মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ১৬-০৮-২০২২ খ্রি. সকাল: ১২.৩০ মিনিট

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, জুলাই/২০২২ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত জুলাই ২০২২ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় | মুখ্য নির্বাহী কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলার কমিটিসমূহের সুপারিশ | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি |
| ০৩ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের রোপা আমন আবাদ বৃদ্ধির লক্ষে ১০০০জন কৃষককে কৃষি পুর্ণবাসনের আওতায় জনপ্রতি কেজি ধানবীজ এবং ১০কেজি করে ডিএপিও এমওপি সার-বিতরণ করা হয়। ২০২২-২৩ অর্থ বছরে ফেঞ্চুগঞ্জে আমন ধান চাষের লক্ষ্যমাত্রা ৫৮১ হেঃ। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

চলমানপাত-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান ২৩/০৭/২০২২খ্রি. পর্যন্ত সারা দেশের ন্যায় অত্র ফেঞ্চুগঞ্জ উপজেলায়' জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২' উদযাপিত হয়েছে। সপ্তাহব্যাপী সকল কর্মসূচিতে অংশ গ্রহণ করায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বিগত ২৬/০৭/২০২২খ্রি. মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের নিমিত্তে কির্ত্তীমূতি গ্রপ জলমহাল ও নাদানজুরী গ্রপ জলমহালে মোবাইলকোর্ট পরিচালনা করা হয়। মোবাইলকোর্ট পরিচালনায় নেতৃত্ব দেন জনাব মেরিনা দেবনাথ, সহকারি কমিশনা (ভূমি), ফেঞ্চুগঞ্জ, সিলেট। ২টি চায়না রিং জাল, ২টি মশারী জাল, ৩১টি কারেন্ট জাল জব্দ করা হয়। পরে অবৈধ জালগুলো পুড়িয়ে ফেলা হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ ওয়ারি (কাবিটা, টিআর) এর বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ বিভাজন করে ইউনিয়ন ওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। ইউনিয়ন চেয়ারম্যানদের দ্রুত তালিকা প্রস্তুত করে (অগ্রাধিকার তালিকা-২০২২-২৩ অর্থ বছরের জন্য) ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ উপজেলা কমিটির নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। এবং ইউনিয়ন চেয়ারম্যানদের দ্রুত তালিকা প্রস্তুত ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ উপজেলা কমিটির নিকট প্রেরণের জন্য করার অনুরোধ করা হলো। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান ফেঞ্চুগঞ্জ, সিলেট এর আওতায় প্রতিবন্ধী ব্যক্তিদের শতভাগ ভাতা আওতায় নিশ্চিত করার জন্য সমাজসেবা অফিস কাজ করে যাচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান উপজেলা প্রাথমিক বিদ্যালয় সমূহে পাঠাদান কার্যক্রম যথানিয়মে চলছে। দুইজন শিক্ষা অফিসার অনলাইনে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শন করে শিক্ষকদের বিভিন্ন পরামর্শ/নির্দেশনা দিচ্ছেন। ৫-১১ বছরের শিশুদের কোভিড-১৯ এর ভেক্সিন দেওয়ার সিদ্ধান্ত সরকার নিয়েছেন। যার ফলে প্রতিটি বিদ্যালয়ে শিশুদের জন্মনিবন্ধন সনদ সংগ্রহের কাজ চলছে। পরবর্তীতে এ সকল জন্ম নিবন্ধন এর মাধ্যমে ভেকসিন সনদ সংগ্রহ করা হবে। সকল জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গকে এ ব্যাপারে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। জন্মসনদ দ্রুত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় না থাকায় কোন আলোচনা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান ১৫/০৮/২০২২খ্রি. তারিখে যুব উন্নয়ন অফিস হতে ২জন কে যুব ঋণ প্রদান করা হয়। তিনি আরোও বলেন চলতি মাসেই ২০২২-২৩ অর্থ বছরের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় নিম্নে চলমান কাজের বিবরণ তুলে ধরেন ১। ''সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ'' প্রকল্পের (২য় পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি নলকূপ এর মধ্যে ১৩০টি নলকূপ স্থাপন করা হয়েছে। আনুষাঙ্গিক কাজ চলমান। ২। ''সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ'' (৩য় পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি মধ্যে ১৪টি নলকূপ স্থাপন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান ৩। হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প' এর আওতায় বরাদ্দকৃত ১১০টি নলকূপ এর মধ্যে ১১০টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। আনুষাঙ্গিক কাজ চলমান । ৪। ''হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প''(৩য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ৭৯টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। ৫। ''হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প'' (৩য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ১৭০টি নলকূপ এর মধ্যে ০৯টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে অবশিষ্ট কাজ চলমান রয়েছে। ৬। ''হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প'' (১ম পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ১০টি ইম্প্রুভড ল্যাট্রিন এর মধ্যে ৮টি নির্মাণ কাজ চলমান। ৭। ''মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের পরিবারের জন্য পানি সরবরাহ প্রকল্প'' (২য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ০৬টি নলকূপের মধ্যে ০৬টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২২-২৩অর্থ বছরে প্রকল্প গ্রহণের কাজ চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৭ | বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৯ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়িমিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ শাখা ব্যবস্থাপক সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান ক্ষুধামুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ খাদ্যবান্ধব কর্মসূচীর ভোক্তাদের সঠিকতা যাচাইয়ে অনলাইন ডাটাবেইজ কার্যক্রম চলছে। কাজটি সম্পাদনের জন্য প্রত্যেক ইউনিয়নের উদ্যোক্তাদের খাদ্য বিভাগ থেকে ট্রেনিং করানো হয়েছে। সকল ইউনিয়নে কার্যক্রম শুরু হয়েছে। সকল চেয়ারম্যানগন সহযোগিতা করেছেন। কাজ চলছে, তবে খুব ধীর গতিতে, ৯০৯জনের মধ্যে অনলাইন এন্ট্রি হয়েছে মাত্র ২৫৩ জনের অর্থাৎ ২৩% যা সিলেট জেলার মধ্যে খুবই অসন্তোষজনক বা হতাশাজনক। আগামী সেপ্টেম্বর/২২ থেকে খাদ্য বান্ধব কর্মসূচীর চাল বিতরণ কার্যক্রম শুরু হবে। এমতাবস্থায় এ কাজটিকে কিভাবে সহজিকরণ করে দ্রুততম সময়ের মধ্যে এগিয়ে যাওয়া যায় সে জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সহ সভার সহযোগিতা কামনা করছি। খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয় এবং খাদ্য বান্ধব কর্মসূচী দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট ও ইউপি চেয়ারম্যান সকল |
| ২২ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন |
| ২৩ | তথ্য আপা | তথ্য আপা প্রকল্প, ফেঞ্চুগঞ্জ সিলেট সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয় | |
| ২৪ | বিবিধ-০১ | **ক) <u>সম্মানী ভাতা সংক্রান্তঃ</u>** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ এর আগস্ট ২০২২ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান আগস্ট ২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের আগস্ট ২০২২ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-<br>**খ) <u>মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ</u>** উপজেলা পরিষদের একজন মালী ৫৫০/-টাকা হারে আগস্ট ২০২২ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- এবং একজন সুইপারের ৫৫০/- টাকা হারে আগস্ট ২০২২ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ-০২ | **ক) আপ্যায়ন বিল সংক্রান্তঃ** আগস্ট ২০২২ মাসের উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয় এবং ভাইস চেয়ারম্যাগণের সভাপতিত্বে গঠিত ১৭(সতের)টি কমিটির সভার জন্য মাসিক ৮,০০০/-(আট হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয়।<br>**খ) আনুষাঙ্গিক ব্যয় সংক্রান্তঃ** উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী ও আনুষাঙ্গিক জুলাই ২০২২ মাসের ব্যয় বাবদ ৫,০০০/- করার জন্য সভায় আলোচনা করা হয়।<br>গ) পল্লী বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্তঃ অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভাকে জানান যে, পল্লী বিদুৎ অফিস হতে উপজেলা পরিষদ ও রাস্তার বাতি এর বকেয়া বিদুৎ বিল পরিশোধের জন্য বিল দাখিল করা হয়েছে। উক্ত বিদুৎ বিলগুলো হলোঃ<br>১। হিসাব নং ৫০১-২১৬০ এর অনুকুলে জুলাই ও আগস্ট ২০২২ বকেয়াসহ দুই মাসের ৬,১৫০/-<br>২। হিসাব নং ঃ ৬০৫-৬৯২০ এর অনুকূলে জুলাই ২০২২ মাসের ৬০০/- উক্ত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সভায় আলোচনা করেন। | সভার আলোচনান্তে উক্ত বিল উপজেলা রাজস্ব তহবিল হতে আপ্যায়ন বিল বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভায় আলোচনান্তে উক্ত দুটি হিসাবের পল্লী বিদ্যুৎ বিল বাবদ (৬,১৫০+৬০০) = ৬,৭৫০/- (ছয় হাজার সাতশত পঞ্চাশ) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| বিবিধ-০৩ | **ক) উপজেলা গেজেটেড কোয়ার্টার বাসা মেরামত ও রং করণঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা পরিষদের সহকারী কমিশনার (ভূমি), ফেঞ্চুগ, সিলেট নামীয় বরাদ্দকৃত উপজেলা পরিষদের অফিসার্স ভবনে (গেজেটেড) বাসা মেরামত, রং করণ ও মজুরী বাবদ ৩৭,৭০৪/-(সাইত্রিশ হাজার সাতশত চার) টাকার বিল পরিশোধের জন্য আবেদন করেছেন। দাখিলকৃত বিল উক্ত সভায় আলোচনা করা হলে উক্ত বিল পরিশোধের জন্য সভায় সবাই একমত পোষন করেন।<br>**খ) গ্যাস লাইন মেরামত সংক্রান্তঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান আকস্মিক বন্যার কারনে উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার ও নন গেজেটেড কোয়ার্টারে ৪টি বাসায় গ্যাসের লাইন গ্যাস লাইনের পাইপ নষ্ট হওয়ায় গ্যাস সংযোগ বিচ্ছিন্ন হয়। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মৌখিক নির্দেশনা মোতাবেক উক্ত বাসাগুলোতে পুণরায় গ্যাস সংযোগ প্রদান করা হয়। মেরামতের বিল বাবদ জনাব জামাল আহমদ, সেনেটারী মেস্ত্রী, মনুরটুক, ফেঞ্চুগঞ্জ কর্তৃক মালামাল ক্রয়, মজুরী ও ভ্যাট আয়করসহ সর্বমোট ১৯,২৬৬/-(উনিশ হাজার দুইশত ছেষট্টি) টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল সভায় আলোচানা করলে উক্ত বিল পরিশোধের জন্য সভায় সবাই একমত পোষন করেন।<br>**খ) ইলেকট্রিক লাইন সংযোগ ও এনার্জি বাল্ব স্থাপনঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা কোয়ার্টারের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের কোয়ার্টারের রাস্তার উভয় পাশে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেইটের পাশে ইলেকট্রিক লাইন সংযোগ ও এনার্জি বাল্ব স্থাপনের মালামাল ক্রয়, মজুরী ও ভ্যাট আয়করসহ সর্বমোট ২১,৯৩৬/-(একুশ হাজার নয়শত ছত্রিশ) টাকার বিল জনাব আলমগীর আলম, এবং ইলেকট্রিকশিয়ান, ফেঞ্চুগঞ্জ, কর্তৃক আবেদন দাখিল করেন। দাখিলকৃত বিল পরিশোধের জন্য সভায় সবাই একমত পোষন করেন। | ক, খ ও গ নং বিল পরিশোধের নিমিত্তে উপজেলা রাজস্ব তহবিল হতে আবেদনকারীর নামে চেক প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

**সভাপতির সমাপনী বক্তব্য ঃ** অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকতাবে কাজ করার আহবান জানান। তিনি ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্প দ্রুত গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি সকলকে অবগত করেন যে, বর্তমানে সারাবিশ্বে বিদ্যুৎ সংকটের কারনে লোডশেডিং হচ্ছে তাই প্রয়োজন ব্যতিত বিদ্যুৎ অপচয় না করার জন্য অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৮/2022

মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২
E-mail: [illegible]

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব মোঃ বদরুদোজ্জা, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব সুফিয়ানুল করিম চৌধুরী, চেয়ারম্যান, ২নং মাইজগাও ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব লেইচ চৌধুরী, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া, ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা, ইউপি |
| ০৭ | জনাব এমরান উদ্দিন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব সীমা শারমিন, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি ডা. জামিল আহমদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব সুদর্শন সরকার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব মোঃ আবু ছাইদ মিয়া, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | জনাব মোঃ শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | জনাব সৈয়দ নূরুল হুদা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৯ | জনাব মোঃ আব্দুল মুমিন, উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১০ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১১ | জনাব কাজী রিয়েল, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ |
| ১২ | জনাব বাঁধন কান্তি সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৩ | জনাব মিজানুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৪ | জনাব রাখী রানী দে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ |
| ১৫ | জনাব মোঃ ইকবাল হোসেন, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ |
| ১৬ | জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৭ | জনাব রুবিনা আক্তার, তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

চলমানপাতা ০৬

স্মারক নং ঃ উপকা/ফেঞ্চু/২০২২-২১২ তারিখ ঃ ২৩-০৮-২০২২খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশা.সকের কার্যালয়, সিলেট
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা............................................. অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ................................................, সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

২৩/৮/২২

সীমা শারমিন
উপজেলা নিবাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎০২৯৯-৬৬৪৬৭০২
📱০১৭০০৩৩১০৩৪